গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

নথি নং- ১২.০২.০০০০.০১৬.০৬.০০৪.১২-১৭৬ তারিখঃ ১৬/০৯/২০১৮ খ্রিঃ।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আগস্ট, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর, সদর দপ্তরে অনুষ্ঠিত আগস্ট, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নির্দেশক্রমে নিম্নরূপ কার্য ব্যবস্থার অনুরোধসহ এতদসংগে প্রেরণ করা হলো।

১. **কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ১৯ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের মধ্যে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন** প্রেরণ নিশ্চিত করবেন; যাতে পরবর্তী সমন্বয় সভার কার্যপত্রে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উল্লেখ করা যায়।

২. **সেপ্টেম্বর, ২০১৮** মাসের সমন্বয় সভার **কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য বিশেষ কোন আলোচ্য সূচীর প্রস্তাব থাকলে সংশ্লিষ্ট সকলকে তা আগামী ১৯ সেপ্টেম্বর, ২০১৮** তারিখের মধ্যে আরইটিসি শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৬.০৯.১৮
(ইকবাল হোসেন চাকলাদার)
উপ-সচিব
উপ-পরিচালক (আরইটিসি)
ফোনঃ ৯১১৪৮২২।

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

ফোকাল পয়েন্ট কর্মকর্তা
আইসিটি শাখা
(কার্যবিবরণী ওয়েব-সাইটে প্রকাশের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

## কৃষি বিপণন অধিদপ্তরের আগস্ট, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

তারিখ : ৩০ আগস্ট, ২০১৮ খ্রিঃ।

সময় : বিকাল ০২:০০ ঘটিকা।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১. | গত ২৯/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভা কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ২৯/০৭/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়।<br>**সিদ্ধান্ত-১**: ২৯/০৭/২০১৮ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | প্রশিক্ষণ ও সমন্বয় শাখা। |
| ২. | **বাজার দর পর্যালোচনাঃ**<br>ঢাকা শহরে পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), বেগুন ও মিষ্টি কুমড়ার দাম বৃদ্ধি পেয়েছে।<br>০৭টি বিভাগে চাল (সরু ও মাঝারী ), আটা (পলিপ্যাক), ডাল মশুর (আমদানীকৃত), পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), কাঁচামরিচ, আলু (হল্যান্ড সাদা), টমেটো, মুরগী (ব্রয়লার), ও কাঁচা পেপের দাম বৃদ্ধি পেয়েছে। | বাজার মূল্য পরিস্থিতি পর্যালোচনাকালে উপ-পরিচালক (বাজার সংযোগ) সভায় ঢাকা মহানগরী এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-'খ')। বাজার দর পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **সিদ্ধান্ত-১**: যে সকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে চাল (সরু ও মাঝারী ), আটা (পলিপ্যাক), ডাল মশুর (আমদানীকৃত), পিঁয়াজ (দেশী ও আমদানীকৃত), রসুন (দেশী ও আমদানীকৃত), আদা (দেশী ও আমদানীকৃত), বেগুন, মিষ্টি কুমড়া, কাঁচামরিচ, আলু (হল্যান্ড সাদা), টমেটো, মুরগী (ব্রয়লার), কাঁচা পেপে এবং অন্যান্য শাক-সব্জিসহ সকল কৃষিপণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদারকরণ পূর্বক জেলা ও বিভাগীয় পর্যায়ে কার্যকরী বাজার সংযোগ স্থাপন এবং তদারকি অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: পণ্য মূল্য সংগ্রহের ক্ষেত্রে পণ্যের ক্রেতা, পণ্যের পরিমাণ ইত্যাদি বিবেচনায় রাখতে হবে। যেসকল বিভাগে পণ্যের দাম বেশী তার কারণ উল্লেখ পূর্বক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| ৩. | **বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ**<br>জেলা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন ৬৪টি। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সন্তোষজনক। | **সিদ্ধান্ত-১**: যৌক্তিকমূল্য বাস্তবায়ন অগ্রগতি ও যৌক্তিকমূল্যে বিক্রিত পণ্যের নামসহ প্রতিবেদন প্রস্তুত পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে এবং জেলা পর্যায়ে মনিটরিং জোরদার করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: কোন ব্যক্তি/দপ্তর/সংস্থা-কে বাজার দর সরবরাহকালে গ্রহীতার নিকট হতে আব্যশিকভাবে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদন গ্রহণ পূর্বক হার্ড ও ই-ফাইলে সরবরাহ করতে হবে। | উপ-পরিচালক (বাজার সংযোগ)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩:** আগামী ০৪-০৬ অক্টোবর, ২০১৮ তারিখে সারা দেশব্যাপী 'উন্নয়ন মেলা-২০১৮' অনুষ্ঠিত হবে। জাতীয় উন্নয়ন মেলা-২০১৮'-এ কৃষি বিপণন অধিদপ্তরের বিভাগ/জেলা/উপজেলা অফিসসমূহ-কে অংশগ্রহণ পূর্বক বিগত ১০ বছরে কৃষি বিপণন অধিদপ্তরের উল্লেখযোগ্য অর্জন/কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং অধিদপ্তরের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট পোস্টার, লিফলেট, হ্যান্ডবিল ও অন্যান্য প্রকাশনা উপস্থাপন করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | **গবেষণা শাখা**<br>সারাদেশে হিমাগারের সংখ্যা ৩৬৩টি, মোট ধারণ ক্ষমতা ২৭.৮১ লক্ষ মেঃ টন। | **সিদ্ধান্ত-১:** আলু ও ফুলের সাপ্লাই চেইন ও উৎপাদন মূল্য সেপ্টেম্বর, ২০১৮ মাসের মধ্যে ওয়েব-সাইটে প্রকাশ করতে হবে। যেসকল পণ্যের সাপ্লাই চেইন এখনও প্রস্তুত হয়নি তা সম্পন্ন পূর্বক ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | গবেষণা শাখা |
| | | **সিদ্ধান্ত-২:** কৃষিপণ্যের উৎপাদন খরচ নির্ণয় ও বিপণন মূল্যের তুলনামূলক প্রতিবেদন প্রস্তুত পুর্বক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | গবেষণা শাখা |
| ৫. | **আরইটিসি শাখা**<br>সারাদেশে মোট প্রজ্ঞাপিত বাজারের সংখ্যা ৯৪৯টি। জুন/১৮ মাসের চেয়ে জুলাই/১৮ মাসে ২৫.৩৫% রাজস্ব আদায় বৃদ্ধি পেয়েছে। | **সিদ্ধান্ত-১:** APA- অনুযায়ী Non-Tax রেভিনিউ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থবছরে সকল জেলার জন্য লাইসেন্স-এর টার্গেট নির্ধারণ এবং ১০০% অগ্রগতি অর্জনের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে। বিভাগীয় উপ-পরিচালকগণ এ বিষয়ে মনিটরিং জোরদার করবেন। | উপ-পরিচালক (আরইটিসি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-২:** কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রণ আইন, ১৯৬৪ (সংশোধিত, ১৯৮৫) অনুযায়ী মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বিভাগ ও জেলা কার্যালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক এতদসংক্রান্ত প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)।<br>ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৩:** Bangladesh Agro Processors Association-এর সাথে MoU স্বাক্ষরের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। |
| ৬. | **নীতি ও পরিকল্পনা শাখা**<br>০৩টি প্রকল্প ও ২টি কর্মসূচীর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। চালু প্রকল্প ০২টি, চালু কর্মসূচী ০২টি। | **সিদ্ধান্ত-১:** মন্ত্রণালয়ে প্রেরিত কাঁঠাল এবং আলু প্রকল্প/কর্মসূচী ০২টি'র অনুমোদনের লক্ষ্যে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| | | **সিদ্ধান্ত-২:** এডিপি সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষি বিপণন অধিদপ্তর শক্তিশালীকরণ এবং ফুল সংক্রান্ত প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচী ০২টি অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |
| ৭. | **গুদাম ব্যবস্থাপনা শাখা**<br>মোট গুদাম ৮১টি, শস্য জমার পরিমান ৬৮ মেঃ টন, ঋণ বিতরণ ৩.২৫ লক্ষ, এফডিআর ৯৮.৯৭ লক্ষ, গুদামের সঞ্চয়ী হিসাবে রক্ষিত ১০.১১ লক্ষ, মোট তহবিল ১০৯৭.০৮ লক্ষ টাকা, ঋণ খেলাপী গুদামের সংখ্যা ১৭টি, খেলাপী ঋণের পরিমাণ ৭২.৪০ লক্ষ টাকা। ওয়ার হাউজের প্রাপ্ত সংখ্যা ৮১৯টি (তালিকা)। লাইসেন্স প্রদান ৯৫টি। | **সিদ্ধান্ত-১:** ইতোমধ্যে জেলা কার্যালয়মুহ হতে প্রাপ্ত অবশিষ্ট ৭২৪টি ওয়্যার হাউজ-কে লাইসেন্স প্রদানের জন্য ডিএমও/ডিএমআইগণ-কে পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা)।<br>আঞ্চলিক ব্যবস্থাপক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২:** ২০১৮-২০১৯ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিভাগীয় লক্ষ্যমাত্রা অর্জন পূর্বক ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণের লক্ষ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপকদের পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (গুদাম ব্যবস্থাপনা)। |
| ৮. | অডিট আপত্তি এবং পেনশন সংক্রান্ত তথ্য উপস্থাপন | **সিদ্ধান্ত-১:** জামালপুর, শেরপুর অফিস হতে অডিটে নির্দেশিত বিষয়সমূহ প্রতিপালন অন্তে বাস্তবায়ন প্রতিবেদন দ্রুত সদর দপ্তরে প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। অভ্যন্তরীণ অডিট টিমদ্বয় নিয়মিতভাবে জেলা অফিসসমূহের অডিট কার্যক্রম পরিবীক্ষণ ও প্রতিবেদন দাখিল অব্যাহত রাখবে। | বিভাগীয় উপ-পরিচালক ঢাকা।<br>হিসাব শাখা<br>অডিট টিম |

**পণ্যের গ্রেডিং মুল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক**

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | মোট অডিট আপত্তি- ১১টি, ব্রডশীট জবাব- ১১টি, অভ্যন্তরীণ অডিট সম্পন্ন ৪৬টি অফিস। | **সিদ্ধান্ত-২**: বিভাগীয় ও জেলা অফিসসমুহ হতে পিআরএল-এ যাবে এমন কর্মকর্তা/কর্মচারীর নামের তালিকা ০৩ মাস পূর্বে সদর দপ্তরে প্রেরণের লক্ষ্যে প্রশাসন শাখা হতে বিভাগ ও জেলাসমূহ-কে পত্র প্রেরণ করতে হবে। | প্রশাসন শাখা। |
| ৯. | ICT শাখা<br>ই-ফাইলে সদর দপ্তরে প্রাপ্ত ডাক ১,১০৮, ই-ফাইলে নিষ্পন্ন ১,৭৬৫, ই-ফাইলে পত্র জারী ১৯৬টি। এছাড়া ঢাকা বিভাগে ৫৫টি, বরিশালে ৪৯টি, চট্রগ্রামে ০৯টি, রাজশাহী ২৯টি, খুলনায় ৭৬টি, রংপুরে ৩৭টি ও সিলেট ৫৫টি পত্র ই-ফাইলে জারী করা হয়েছে। | **সিদ্ধান্ত-১**: যে সকল জেলা হতে ই-ফাইলিং কার্যক্রম শুরু করে নাই/ই-ফাইলিং কার্যক্রম সন্তোষজনক নয় তাদেরকে কারণ দর্শানোর জন্য বিভাগীয় কার্যালয়ে পূণরায় আইসিটি শাখা হতে পত্র প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (আইসিটি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: অধিদপ্তরের যাবতীয় কার্যক্রম প্রচার ও প্রকাশের লক্ষ্যে এডিটিং করে জেলা/ উপজেলা কার্যালয়সমুহে প্রেরণের লক্ষ্যে আইসিটি শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল), আইসিটি শাখা। |
| ১০. | কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন সমঝোতা স্মারক। | **সিদ্ধান্ত-১**: ২০১৮-২০১৯ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সকল বিভাগের উপ-পরিচালক এবং সদর দপ্তরের সকল শাখা প্রধানগণ তাঁদের স্ব-স্ব সূচকের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% ভাগ কার্যাদি সম্পন্ন পূর্বক প্রমাণকসহ প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন। | APA ফোকাল পয়েন্ট শাখা প্রধান (সকল)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>প্রকল্প/কর্মসূচী পরিচালক |
| ১১. | কৃষি বিপণন অধিদপ্তরে SDG's বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন। | **সিদ্ধান্ত-১**: SDG's সরকারে অগ্রাধিকার কার্যক্রম, সেহেতু SDG's সংক্রান্ত কৃষি বিপণন অধিদপ্তরের কার্যক্রমসমূহ চিহ্নিত করে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | উপ-পরিচালক (পিপি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| ১২. | শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ | **সিদ্ধান্ত-১**: বিভাগীয় কার্যালয় হতে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: Action Plan এবং Guideline অনুযায়ী অভিযোগ পাওয়া মাত্রই শুদ্ধাচার কৌশল বিষয়ে সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক যথাসময়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | নৈতিকতা কমিটি |
| ১৩. | তথ্য অধিকার আইন। | **সিদ্ধান্ত-২**: তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন, ২০০৯-অনুযায়ী নির্ধারিত আবেদন ফরম ব্যবহারকারীদের তথ্য প্রদান এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য অধিকার (সদর দপ্তর) |
| ১৪. | সেন্ট্রাল মার্কেট পরিচালনা | **সিদ্ধান্ত-১**: আগামী সেপ্টেম্বর, ২০১৮ মাসের মধ্যে এমএমসি'র সভা সম্পন্ন করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক ঢাকা। |
| | | **সিদ্ধান্ত-২**: সেন্ট্রাল মার্কেটের স্পেস বরাদ্দ প্রদান ও জনবল নিয়োগের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক ঢাকা। |
| ১৫. | ইনোভেশন টিম | **সিদ্ধান্ত-১**: ইনোভেশনের কর্মপরিকল্পনা দ্রুত অনুমোদনের লক্ষ্যে কমিটির সভা আয়োজন এবং ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কল্পে বাজেট বরাদ্দের জন্য দ্রুত মন্ত্রণালয়ে পত্র পত্র প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার |
| | | **সিদ্ধান্ত-২**: ইনোভেশন ব্যাংক সমৃদ্ধশালীকরণের লক্ষ্যে বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ উদ্ভাবনমূলক আইডিয়া সৃষ্টপূর্বক সদর দপ্তরে প্রেরণ করবে এবং সেই তালিকা হতে ইনোভেশন ব্যাংক-এর তালিকা সমৃদ্ধকরণ পূর্বক ওয়েব-সাইটে প্রকাশ অব্যাহত রাখতে হবে। | ইনোভেশন অফিসার ও বিভাগীয় মেন্টর (সকল)<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা আইসিটি শাখা। |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩**: জেলা বাজার কর্মকর্তা, খুলনা ও জেলা বাজার অনুসন্ধানকারী, চাঁদপুর তাদের ইনোভেশনের আইডিয়াকে ২/৩ মিনিটের ০১টি ভিডিও ক্লিপ করে সদর দপ্তরের আইসিটি শাখায় প্রেরণ করবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>আইসিটি শাখা<br>ডিএমও/ডিএমআই (খুলনা/চাঁদপুর) |
| ১৬. | ফিল্ড সার্ভিস | আলোচ্য সূচী নেই। | সহকারী পরিচালক (ফিল্ড সার্ভিস) |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ মাহবুব আহমেদ )
মহাপরিচালক
E-mail: dg@dam.gov.bd